R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD—4

**A Great News to all !**
**FINALLY WEB WORLD EDUCATION** Introduces a six months certificate course for beginners & also for professionals.
For Details Contact at
**HAQUE PHARMACY**
Raghunathganj, Garighat
Ph. ( 03483 ) 66295

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
৪১শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১লা চৈত্র, বুধবার, ১৪০৬ সাল।
১৫ই মার্চ, ২০০০ সাল ।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## ফরাক্কা এলাকায় সমাজবিরোধীদের দাপট ও অত্যাচার সেদিনও ছিল আজও চলছে সমানে

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা ব্যারেজ চালু হবার প্রথম দিকে বারহারোয়া পাহাড় থেকে সরাসরি বোল্ডার আনার জন্য ব্যারেজ কর্তৃপক্ষ ওখানে নিজস্ব কোয়ারী ও ক্রাসার চালু করে। ১৯৯৪ সালে রাইট ব্যাংকে ফরাক্কা—বারহারোয়া স্পেশাল ইন্সপেকশন রোডটি মেরামতের জন্য ৩০ লক্ষ টাকার একটা টেন্ডার হয়। বিন্দুগ্রামের কনট্রাকটর মেসার্স আলম সেখ কাজটি পান। কিন্তু ঐ এলাকার ঘোড়াইপাড়া, ধর্মডাঙ্গা ও বেওয়া গ্রামের সমাজবিরোধীদের সাইডে মাল ফেলার জন্য টাকা আদায়, মাল চুরি অথবা লাল চোখ দেখানো ইত্যাদিতে জেরবার হয়ে কাজে হাত দিয়েও পিছু হঠতে বাধ্য হন কনট্রাকটর। অন্যদিকে চুক্তি মতো নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ না হওয়ার কারণ দেখিয়ে ব্যারেজ কর্তৃপক্ষ ঐ কনট্রাকটরকে ব্ল্যাকলিষ্ট করেন। কনট্রাকটরও ব্যারেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে কোর্টে মামলা দায়ের করেন। এর ফলে রাস্তা সংস্কারের ৩০ লক্ষ টাকা আজও সরকারী তহবিলে পড়ে আছে বলে জানা যায়।

বর্তমানে বারহারোয়া থেকে ঐ ইন্সপেকশন রোড ধরে দৈনিক প্রায় তিনশো লরি বোল্ডার উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ, বাংলাদেশ যাতায়াত করে। এইসব মালবাহী লরির উপরও ঐ অঞ্চলের সমাজবিরোধীদের অত্যাচার ও জুলুম আজও অব্যাহত আছে। জোর জবরদস্তি লরি আটকিয়ে রাস্তা মেরামতের অজুহাত দেখিয়ে বিভিন্ন জায়গায় মোটা অঙ্কের টাকা আদায় করা হচ্ছে। নিয়মিত এই ধরনের জুলুম বন্ধে লরি ব্যবসায়ীরা বার বার ফরাক্কা থানা ও ব্যারেজ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও কোন প্রতিবিধান পাননি। ঐ সব সমাজ-বিরোধীদের সাথে স্থানীয় রাজনৈতিক নেতা, ব্যারেজের কিছু মাথাভারী কর্তা ও লোকাল থানার একটা গোপন যোগাযোগ আছে বলে লরি ব্যবসায়ীদের অভিযোগ। গত ১২ ফেব্রুয়ারী কয়েকশো লরি ব্যবসায়ী সমাজবিরোধীদের জুলুমের প্রতিকার (শেষ পৃষ্ঠায়)

## চারণ কবি গুমানীর ১০১-তম জন্মবার্ষিকী উৎসব

নিজস্ব সংবাদদাতা : গত ৫ থেকে ৭ মার্চ সাগরদীঘির জীনদীঘি গ্রামে চারণ কবি গুমানী দেওয়ানের জন্মভিটেয় তাঁর ১০১-তম জন্মবার্ষিকী পালন করা হয়। এই উপলক্ষে 'কবিয়াল মেলা'রও আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গ লোক সংস্কৃতি পরিষদ ও আদিবাসী কেন্দ্র এবং জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠান হয়। ৫ মার্চ মূল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পশ্চিমবঙ্গের ভূমি রাজস্ব মন্ত্রী বিমলেন্দু সান্যাল। প্রধান অতিথি ছিলেন আবগারী মন্ত্রী ধীরেন সেন। এছাড়া উপস্থিত ছিলেন লোক সংস্কৃতি ও আদিবাসী কেন্দ্রের সহ-সভাপতি মালিনী ভট্টাচার্য, বীরভূম ও মুর্শিদাবাদের দুই সভাধিপতি ধীরেন লেট ও সচ্চিদানন্দ কান্ডারী, জঙ্গিপুরের সাংসদ আবুল হাসনাৎ খান, সাগরদীঘির বিধায়ক পরেশ দাস প্রমুখ। সভা পরিচালনা করেন জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক মালবিকা গোস্বামী। তিন দিনের এই কবি মেলায় পশ্চিমবঙ্গ, আসাম ও বাংলাদেশের মোট ১১২ জন কবিয়াল অংশ নেন বলে জানা যায়।

## পাচারে আবার ব্যস্ত ধুলিয়ান

নিজস্ব সংবাদদাতা : প্রায় তিন মাস বন্ধ থাকার পর আবার ধুলিয়ানে চোরাচালান শুরু হয়েছে। এখান থেকে নিয়মিত আখের গুড়, গরু, লঙ্কা, কেরোসিন যাচ্ছে বাংলাদেশে। ওখান থেকে আসছে ফ্রীজের কমপ্রেসার, গ্যাস সিলিন্ডার ও ডিজেল। ঈদের মুখে দৈনিক প্রায় একশো ট্রাক গরু অবাধে পাচার হয়ে যাচ্ছে। ধুলিয়ান শহরের বুকে কাসটমস অফিস, পাশে বি, এস, এফ ক্যাম্প। ( শেষ পৃষ্ঠায় )

## ঈদের মুখে তিন তাসের খপ্পরে পড়ে মানুষ সর্বশান্ত হচ্ছে

নিজস্ব সংবাদদাতা : বেশ কয়েকদিন থেকে রঘুনাথগঞ্জ গাড়ীঘাটে বাঁধানো সিঁড়িতে বসে প্রকাশ্যে তিন তাসের খেলা চলছে সকাল থেকে সন্ধ্যে। ঈদের মুখে বাইরে থেকে আসা রাজমিস্ত্রীর দল বাড়ী ফেরার পথে এদের খপ্পরে পড়ে সর্বশান্ত হচ্ছেন প্রতিদিন। কিন্তু এই সর্বনাশা খেলা বন্ধে পুলিশের কোন মাথা ব্যথা নেই।

## বিদ্যুৎপিষ্ট হয়ে ব্যবসায়ীর মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ বাজারের মৎস্য ব্যবসায়ী বাহাদিনগর কলোনীর গৌড়চন্দ্র হালদার গত ৭ মার্চ তাঁর বাড়ীতে বিদ্যুৎপিষ্ট হয়ে মারা গেছেন। জানা যায় ঐ দিন সন্ধ্যের দিকে সামান্য ঝড় বৃষ্টিতে পাশের বাড়ীর বিদ্যুতের তার ছিঁড়ে গিয়ে তাঁর ঘরের টিনের চালে পড়লে সারা বাড়ী বিদ্যুৎ আবৃষ্ট হয়ে যায়। গৌড়বাবু ঘরের মধ্যে দেয়াল ধরে দাঁড়িয়ে ছিলেন। ঐ অবস্থাতেই তিনি মারা যান। তাঁর স্ত্রী বাইরে থেকে এসে ( শেষ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার, শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ? মনমাতানো দারুণ চায়ের ভাণ্ডার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১লা চৈত্র বুধবার, ১৪০৬ সাল।

## ॥ অথ 'ক্রেজ' কথা ॥

ইংরাজী 'ক্রেজ' শব্দটি বাতিক/শখ/উন্মত্ততা—এই আভিধানিক অর্থ বহন করে। সময় বিশেষে নানাদিক অবলম্বন করিয়া বাতিক অথবা শখ অথবা উন্মত্ততা দেখা দেয়। রাজনীতি হউক, সমাজনীতি হউক, সংস্কৃতি হউক, এই 'ক্রেজ'-এর প্রকাশ ঘটে। মানুষ ব্যাপক আকারে এক একরকম ক্রেজ-এর বশীভূত হইয়া পড়ে।

সর্বভারতীয়স্তরে এখন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের আসন্ন ভারত-পাকিস্তান সফরের বিষয়ে, আর এস এস-কে অস্পৃশ্য-জ্ঞানে সংসদ অচল করিয়া দেওয়ার ব্যাপারে, দীপা মেহতার 'ওয়াটার'-এর শ্যুটিং বরদাস্ত করা বা না করার জন্য উল্লেখিত 'ক্রেজ' যেমন পরিদৃশ্যমান, তেমনই রহিয়াছে সদ্য সমাপ্ত দক্ষিণ আফ্রিকা ও ভারতের মধ্যে একদিনের ক্রিকেট খেলার 'ক্রেজ'।

বিল ক্লিনটন ভারত সফরে আসিয়া ভারতকে কতখানি কুক্ষিগত করিবেন, ভারতের বাজার কতটা দখল করিবেন এবং পাক-ভারত সম্পর্ক ও পারমাণবিক অগ্রগতি-রোধে কতটা ভূমিকা লইবেন, তাহ'কে কেন্দ্র করিয়া চিন্তাভাবনা শুরু হইয়াছে। আর এস এস-কে বেপাত্তা করিয়া দেওয়ার বিবিধ প্রচেষ্টা চালাইবার জন্য কোটি কোটি টাকা অতিরিক্ত অপচয় স্বীকার করিয়া সংসদকে নজিরবিহীনভাবে অচল করিয়া দেওয়ার যে প্রয়াস সরকার বিরোধী দলসমূহ চালাইয়াছে, তাহা লক্ষণীয়। আবার দীপা মেহতার নির্মীয়মান ছবি 'ওয়াটার'-এর শ্যুটিং, যাহাতে হিন্দু বিধবাদের জীবনযাত্রাকে কলঙ্কিত করিয়া দেখাইবার ব্যবস্থা হইয়াছে, তাহা হইতে না দেওয়ার দাবী এবং তদ্বিপরীত বিষয় জানা যাইতেছে। এই সবগুলিই এক একটি 'ক্রেজ'-এর পর্যায়ে পড়িতেছে।

কিন্তু অধুনাতনকালে ক্রিকেট 'ক্রেজ' সব কিছুকে ছাপাইয়া গিয়াছে। আন্তর্জাতিক টেষ্ট ম্যাচ অথবা একদিনের ম্যাচ, সর্বস্তরের মানুষের মনে মহাবাতিকের সঞ্চার করিয়াছে! বিশেষ করিয়া একদিনের ক্রিকেট সকলকে পাগল করিয়াছে। পুত্রকন্যাসহ কর্তা-গৃহিণী, সরকারী-বেসরকারী কর্মচারী, চাষী শ্রমিক —সকলেই এই ইঙ্গ-ক্রীড়ায় মনপ্রাণ সমর্পন করিয়াছেন। বিদ্যার্থী নারী-পুরুষ নির্বিশেষে লারা-ওয়া-ক্রোনিয়ে-আখতার-আজাহার-শচীন প্রমুখ পরিসংখ্যান অতি দ্রুত অধ্যয়নের বিষয় অপেক্ষা বেশির ভাগ ক্ষেত্রে নির্ভুলভাবে বলিতে সক্ষম। কুলললনা, শ্রমিক, ফেরিওয়ালা প্রভৃতি বাউণ্ডারী, এল বি ডব্লু ইত্যাদি বুঝেন। সম্প্রতি পশ্চিমবঙ্গের সৌরভ ভারতীয় দলের অধিনায়ক হইয়া অভিষেকেই প্রথম এক-দিনের ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে রুদ্ধশ্বাস খেলায় তিন উইকেটে পরাজিত করিয়া গৌরব অর্জন করায় সকলে অভিভূত। এখন ইহা লইয়া পক্ষে-বিপক্ষে সমীক্ষাগত নানা আলোচনা চলিতে থাকিবে। তবে তাহা লেখাপড়া এবং বিবিধ কাজকর্মকে প্রভাবিত যাহাতে না করে, তাহা বাঞ্ছনীয়। নানা বিষয়ে 'ক্রেজ' সম্বন্ধে একই কথা।




দীপা মেহতা 'ওয়াটার' ছবির শ্যুটিং করতে দেশময় ছুটে বেড়াচ্ছেন বলে খবর।

—'ওয়াটার ওয়াটার এভ্রিহোয়্যার,
নট্ এনি ড্রপ টু ড্রিঙ্ক'।

* *

আর এস এস বেশ কিছু রাজনৈতিক দলের কাছে অচ্ছুত কেন?—প্রশ্ন।

—এঁরা রাজনীতির ধান্দাবাজি আর কায়েমী স্বার্থ বরদাস্ত করেন না, তাই।

* *

মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন ২২ মার্চ সকালে সংসদে ভাষণ দেবেন।—খবর।

—'মধু তিষ্ঠতি জিহ্বাগ্রে হৃদয়ে তু
হলাহলম্'!

* *

শোনা যাচ্ছে ১১ মে বামদল ভারত বন্ধ ডেকেছে।

—বেশ কিছুদিন ভারত বনধ ডেকে দেশের বারটা বাজান হয়নি যে!

* *

'অভিষেকেই বাজিমাত সৌরভের'—সংবাদের হেডলাইন।

—সংবাদটা গৌরবের।

* *

বিহারের মুখ্যমন্ত্রীত্ব ত্যাগ করলেন নীতিশকুমার।—খবর।

— মসনদ যাঁর ছিল হয়ে যাবে তাঁর।

**কার্ডস ফেয়ার**

এখানে সব রকমের কার্ড
পাওয়া যায়।

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

## কোন এক কুম্ভকর্ণের দেশ
### (কাল্পনিক দেশের কাহিনী)

—আনন্দগোপাল বিশ্বাস

নেতার কথা, রাজনীতির কথা এই তো হ'ল দেশের কথা। ইতিহাস লেখা হয় রাজনীতি নিয়ে। নেতাদের পালা বদল—মসনদের দখল এগুলোই স্থান পায় ইতিহাসে। কোন সময়ে যুদ্ধবিগ্রহ হ'লে তো কথাই নাই। ইতিহাসের পাতায় ওগুলো লেখা হয়, ছেলেরা মুখস্থ করে পরীক্ষার খাতায় লিখে আসে। অনেক সময় সে ইতিহাসকেও বিকৃত করে রাখা হয়—বিকলাঙ্গ শিশুর মত। প্রকৃত নেতা যিনি ধ্যানে জ্ঞানে শুধু দেশের কথাই ভেবেছেন, দেশের জন্য প্রাণ উৎসর্গ করেছেন, তাঁকে স্বার্থান্বেষী নেতারা ইতিহাসের পেছনের বেঞ্চে বসিয়ে দিয়েছেন, নিজেরা চলে এসেছেন পাদপ্রদীপের আলোয়। মুখোশ খসে পড়ে, কিন্তু অনেক দেরীতে। দেশের সভ্যতা, সংস্কৃতির কথা, সাহিত্য চেতনার কথা, জ্ঞান বিজ্ঞানের কথা কোন খবরের কাগজে নিয়মিত লেখা হয় না। লেখা হয় শুধু নেতাদের কথা—রাজনীতির কথা।

সে কথা লিখেও বিপদে পড়তে হয় সাংবাদিকদের। 'অমুক নেতা এই কথা বলেছেন' কাগজে ছাপা হ'ল। বিরূপ প্রতিক্রিয়া আসামাত্র নেতা অস্বীকার করে বিবৃতি দিলেন—তিনি কস্মিনকালেও অমন কথা বলেননি বা বলতে পারেন না। অতএব সেই সাংবাদিকের হেনস্থা শুরু হল, সেই কাগজের মুণ্ডপাত করতে উঠে পড়ে লাগেন নেতা। লেলিয়ে দেন দলীয় কর্মীদের। কথায় আছে যে ছাগলের তিনটি বাচ্চা হয়—তার দুটি বাচ্চা দুধ খায়—কিন্তু যে বাচ্চাটা দুধ পায় না সেই তিন নম্বর বাচ্চাটা লাফায় বেশী। কুম্ভকর্ণের দেশে কেউ লুটেপুটে খাচ্ছেন—কেউ আখের গুছিয়ে নিচ্ছেন। পাশাপাশি ভাগ হয়ে যাওয়া জনগণ নিজেদের মধ্যে মারামারি করে মরছেন, নেতারা হাসছেন, মজাদার ঘুমপাড়ানি গান দিয়ে জনগণকে কেমন বিভ্রান্ত করে রাখতে পেরেছেন!

কিছুদিন পূর্বে একজন বড়মাপের নেতা তো চড়থাপ্পর মেরেই বসলেন সাংবাদিককে এবং এমন একটা ভাব দেখালেন যেন ঐ অপকর্ম অথবা মহৎকর্ম করবার গণতান্ত্রিক অধিকার ঐ নেতার রয়েছে। নেতা হলেই সাতখুন মাফ, আইনের উর্ধে থাকার অপচেষ্টা। সমাজবিরোধী কাজ, অন্যায়ভাবে জনগণের অর্থ লুটে নেওয়া, এমন কি দেশের নিরাপত্তা বিঘ্নিত হ'তে পারে এমন কাজ করেও অর্থ আত্মসাৎ করেন (৩য় পৃষ্ঠায়)

## সজিনীপাড়ায় রাস্তা নির্মাণে কারচুপির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা ঃ সুতী ১ ব্লকের মদনা থেকে ফতুল্লাপুর পর্যন্ত মোরাম রাস্তায় সজিনীপাড়া গ্রামে রাস্তা তৈরীর ব্যাপারে গত এপ্রিল '৯৯ একটি নয়জনের বেনিফিসিয়ারী কমিটি গঠিত হয়। ঐ কমিটির কনভেনার গ্রামের দেবব্রত দাস অভিযোগ করেন, গত জুন '৯৯ থেকে কাজ শুরু হয় স্থানীয় ঠিকাদার গণেশ দাসের তত্ত্বাবধানে। কাজটি ছিল মোট ৫৩ হাজার টাকার। কিন্তু দেবব্রতবাবুর মতে কাজ হয়েছে ৩৭ হাজার টাকার। কিন্তু ঠিকাদার বিডিও অফিস থেকে ইতিমধ্যেই ৫৩ হাজার টাকার বিল তুলে নিয়েছেন। যদিও ঠিকাদারের টাকা তোলাকে বেনিফিসিয়ারী কমিটির চারজন সদস্য সমর্থন করেন। এ ব্যাপারে গ্রামবাসীরা বিডিও-কে অভিযোগ জমা দিলেও কোন কাজ না হওয়ায় বর্তমানে তারা উর্ধতন কর্তৃপক্ষর দৃষ্টি আকর্ষণ করেছেন।

জমি বিক্রী

গোপালনগর ( মিঞাপুর ) ইটভাটার পাশে সদর রাস্তার কাছে প্লট করে জমি এবং ভুরকুন্ডার মাঠে জমিসহ দীঘি বিক্রী হবে।

যোগাযোগের ঠিকানা—
ধ্রুব মুখার্জী, ট্যাক্স কনসালটেন্ট
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

বহরমপুর কল্পনা সিনেমার সন্নিকটে দু'খানি দোকান ঘর বিক্রয় অথবা ভাড়া দেওয়া হবে। পরিমাপ ৮´ X ১৫´ উচ্চতা ১৫´

যোগাযোগের ঠিকানা—
শ্রীমতী সঞ্চিতা সিংহ রায়
২৩, ডাঃ এস, এন, ভট্টাচার্য্য রোড
কাদাই—বহরমপুর ফোন নং ০৩৪৮২—৫৪৯৫৭

## কাঁচা বিড়ি সরবরাহের
## ।। টেণ্ডার নোটিশ ।।

এতদ্দ্বারা সরকারের সকল নির্দেশ মানিয়া কাঁচা বিড়ি সরবরাহেচ্ছু এবং লেবেল প্যাকিং করিতে ইচ্ছুক বিড়ির ক্ষেত্রে সেন্ট্রাল এক্সাইজ এস, আর, পি ট্রেড নোটিশ নং ৫২/৯৩ মোতাবেক নথিভুক্ত ঠিকাদার-গণকে জানানো যাইতেছে যে, অরঙ্গাবাদ বিড়ি মার্চেন্টস্ এসোসিয়েশনের সদস্যগণ বিভিন্ন সংশ্লিষ্ট কোম্পানীতে ( অরঙ্গাবাদ, মিঞাপুর, ওমরপুর, ধুলিয়ান, বৈষ্ণবনগর, কালিয়াচক, চামাগ্রাম, টুঙ্গিদীঘি, করণদীঘি, দোমোহনা শাখা অফিসসহ ) ২০০০-২০০১ সালে বাঁধাই কাঁচা বিড়ি সরবরাহের জন্য এবং লেবেল প্যাকিং করার জন্য সিল্‌ড টেন্ডার আহ্বান করিতেছেন।

উক্ত টেন্ডার ২০০০ সালের ৩১শে মার্চ তারিখ অপরাহ্ন ৫ ( পাঁচ ) ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কোম্পানীতে উক্ত ৩১শে মার্চ ২০০০ তারিখেই উপস্থিত টেন্ডারদাতার সম্মুখে উক্ত টেন্ডার খোলা হইবে এবং কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ যে কোনও টেন্ডার বা টেন্ডারসমূহ বাতিল বা গ্রহণ করিতে পারিবেন। টেন্ডারের নমুনা ও বিড়ির শেপ বা সাইজ এবং লেবেল প্যাকিং-এর পদ্ধতি সংশ্লিষ্ট কোম্পানী অফিস হইতে বিশদভাবে অবহিত হইতে পারেন।

তারিখ—৮/৩/২০০০ ইতি—
অরঙ্গাবাদ **জগন্নাথ সরকার ও রেজাউল করীম**
ফোন ঃ ০৩৪৮৫/৬২৪৫১ যুগ্ম সম্পাদক
অরঙ্গাবাদ বিড়ি মার্চেন্টস্ এ্যাসোসিয়েশন

## কোন এক কুম্ভকর্ণের দেশ ( ১ম পৃষ্ঠার পর )

যে সমস্ত নেতারা, তাঁদেরও দেশের অর্থাৎ জনগণের অর্থ দিয়ে নিরাপত্তার ঘেরাটোপে রক্ষা করা হয়। 'কি বিচিত্র এই দেশ !'

কিছু কিছু নেতা তো বিপদের গন্ধ পেয়ে যাতে তাঁদের আইনের বিচারের আওতার বাইরে রাখা যায় তার জন্য প্রয়োজনে বিল পাশ করাবারও চেষ্টা করছেন ! কি ভয়াবহ ব্যাপার ! কিছু শুভবুদ্ধি-সম্পন্ন মানুষ এখনও তা হ'তে দেননি। কিন্তু যাঁরা তা হ'তে দিচ্ছেন না, তাঁদের সরাতে পারলেই তো কেল্লা ফতে ! একদিন সেদিনও হয়ত এসে যাবে—খুনীর বিচার হবে না, বড় মাপের ডাকাতের বিচার হবে না, অন্যায়ের বিচার করা যাবে না, কারণ অন্যায়কারী বিচারের উর্ধে ! [ ক্রমশঃ

### মোকাম জঙ্গিপুর নিম্নবিভাগীয় দেওয়ানী বিচারক অতিরিক্ত আদালত

মোঃ নং ১২/৯২ স্বত্ব

বাদী বনাম বিবাদী
রবি প্রামাণিক রামকৃষ্ণ পাল দিং

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা রঘুনাথগঞ্জ শহর নিবাসী অধুনামৃত রামকৃষ্ণ পাল পিতা ৺শচীলাল পাল মহাশয়ের দুই কন্যা মীরা পাল ও ইরা পাল মহাশয়াগণের অবগতির জন্য জানানো যায় যে, রামকৃষ্ণ পাল মহাশয় মৃতান্তে উপরোক্ত নং মোকদ্দমায় তাঁহার ওয়ারীশগণ পক্ষভুক্ত আছেন। কিন্তু তাঁহার স্ত্রী ও পুত্রগণ বর্তমান মোকদ্দমায় হাজির হইলেও তাঁহার উক্ত দুই কন্যা মোকদ্দমার সমন গ্রহণ করিতেছেন না। এমতাবস্থায় এই বিজ্ঞপ্তি দ্বারা উক্ত মোকদ্দমার স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি স্বরূপে উক্ত রামকৃষ্ণ পালের কন্যাদ্বয়কে এই বিজ্ঞপ্তি প্রচারের ১০ দিন মধ্যে উপরোক্ত মোকদ্দমায় হাজির হইয়া উপরোক্ত মোকদ্দমায় স্বয়ং কিংবা উকিলবাবুর মাধ্যমে হাজির হইয়া তদ্বিরাদি করিতে নির্দেশ দেওয়া হইল। অন্যথায় আইনানুযায়ী মোকদ্দমার বিচার নিষ্পত্তি হইবে।

অনুমত্যানুসারে—
শ্রীমিলনচন্দ্র দে, সেরেস্তাদার
৬/৩/২০০০ জঙ্গিপুর সিভিল জজ (জুঃ ডিঃ)
অতিরিক্ত আদালত

## NOTICE

Sealed Tender is hereby invited from the reputed farms for repairing vehicle No. WB/58/4186 (NTC) of District Hospital, Murshidabad.

The willing farm should deposit tender in their printed pad within 23/3/2000 to this office.

The work should be completed within one month from the date of receiving vehicle from the end of the undersigned.

For details contact with the Superintendent, District Hospital, Murshidabad.

Sd/
Superintendent, District Hospital
Murshidabad.

Memo No. 134 (2)/Inf /Msd. Date 6/1/2000

### সেখদীঘি উচ্চ বিদ্যালয়ে রৌপ্যজয়ন্তী উৎসব

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের সেখদীঘি উচ্চ বিদ্যালয়ের রৌপ্যজয়ন্তী ( প্লাটিনাম জুবিলি ) উৎসব গত ১৪ ও ১৫ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হয়। মূল অনুষ্ঠানের সভাপতি ছিলেন জঙ্গিপুরের সাংসদ আবুল হাসনাত খান। এ ছাড়া উপস্থিত ছিলেন সাগরদীঘির বিধায়ক পরেশ দাস, সুতীর বিধায়ক মহঃ সোহরাব, পঞ্চায়েত সমিতির সভাপতি আশীষ ব্যানার্জী প্রমুখ। সন্ধ্যায় স্কুলের ও বহিরাগত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান করেন। ১৫ ফেব্রুয়ারী প্রাক্তন ছাত্রদের পুনর্মিলন উৎসব হয়। অনুষ্ঠানে জুবিলি হলের দ্বারোদ্ঘাটন করেন বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষক গোলাম মোস্তফা। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ শিক্ষা সেমিনারে বিষয় ছিল 'পরাধীন বনাম স্বাধীন ভারতের শিক্ষা ব্যবস্থা'। এতে অংশ নেন শিক্ষাবিদ্ মহঃ সোহরাব, আবদুল হক, অধ্যাপক কাশীনাথ ভকত, অমরেন্দু মাঝি প্রমুখ।

### অত্যাচার চলছে সমানে ( ১ম পৃষ্ঠার পর )

চেয়ে ফরাক্কা থানা ও জেনারেল ম্যানেজারের অফিসে ডেপুটেশন দেন বলে জানা যায় উল্লেখ্য, ফরাক্কা শান্তি কমিটি, গঙ্গা ভাঙন প্রতিরোধ কমিটি, জঙ্গিপুরের সাংসদ ও স্থানীয় বিধায়কের পক্ষ থেকে পূর্বতন এস পির সঙ্গে আলোচনায় বসার পর পুলিশী তৎপরতায় বেশ কিছুদিন অত্যাচার বন্ধ ছিল।

### ব্যবসায়ীর মৃত্যু ( ১ম পৃষ্ঠার পর )

গৌড়বাবুর গায়ে হাত দিতেই বিদ্যুৎ আবেশ অনুভব করা মাত্র তাঁকে ছেড়ে দেন। এই অবস্থায় পাড়া-প্রতিবেশীরা ঐ এলাকার ট্রান্সফরমারের আইসোলেটর নামিয়ে দিলে গৌড়বাবুর দণ্ডায়মান মৃতদেহ মাটিতে পড়ে যায়। তাঁর এই আকস্মিক মৃত্যুতে ৯ মার্চ স্থানীয় মাছ বাজার বন্ধ থাকে।

### পাচারে আবার ব্যস্ত ধুলিয়ান ( ১ম পৃষ্ঠার পর )

এ ছাড়া স্থানীয় পুলিশ থাকা সত্ত্বেও এই ধরনের ব্যাপক পাচার ধুলিয়ানের মানুষকে স্বাভাবিকভাবে অবাক করেছে। অন্যদিকে রঘুনাথগঞ্জ পুলিশ গত ৮ মার্চ মির্জাপুর লাগোয়া পাঁচনপাড়া থেকে ৩৩টি গরু আটক করেছে। ওগুলো বাংলাদেশ নিয়ে যাওয়া হচ্ছিল বলে খবর।




আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯



## Hints Security Service (H. S. S.)

প্রাইভেট কোম্পানীতে লোভনীয় চাকরী। সঙ্গে সঙ্গে নিয়োগ। বেয়ারার, নিরাপত্তারক্ষী, সুপারভাইজার, ইনচার্জ, পিয়ন, ক্লার্ক, ক্যাশিয়ার, এ্যাকাউন্টেন্ট প্রভৃতি পদে। এক্স সারভিসম্যানদের অগ্রাধিকার আছে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা—অষ্টম শ্রেণী পাশ। সত্বর যোগাযোগ করুন সকাল ১১টা হইতে বৈকাল ৫টা পর্যন্ত। আনুষঙ্গিক খরচ নিজস্ব। যোগাযোগের ঠিকানা—

৩৪নং জাতীয় সড়কের উমরপুর লজের বাম পার্শ্বে

পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ )



সকলকে অভিনন্দন জানাই—

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং-২০ ✶ তারিখ-২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং-৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সাটিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিরা | অচিন্ত্য মন্ডিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |



আপনাদের সেবায় দীর্ঘদিন যাবৎ নিয়োজিত—

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

ফুলতলা ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক ডাঃ গোপন সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস ) ( স্ত্রী ও শিশুরোগ বিশেষজ্ঞ )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।